

০২। জেলা/উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান ব্যয়ের খাতসমূহ:


১. আকস্মিক দৈব দুর্বিপাক/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় দরিদ্র ব্যক্তি/পরিবারকে তাদের আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা, ভূমিকম্প, পাহাড়ধবস ইত্যাদি) প্রদান ;
২. সড়ক/নৌ/রেল/বিমান দুর্ঘটনায় মারাত্মক ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তি/পরিবারকে আর্থিক সহায়তা প্রদান ;
৩. অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান ;
৪. অগ্নিদগ্ধ/এসডি দগ্ধ দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা ;
৫. দুরারোগ্য ও জটিল রোগে আক্রান্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান ;
৬. অতিদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার জন্য সহায়তা প্রদান ;
৭. জেলা সমাজকল্যাণ পরিষদ পরিস্থিতির যথার্থতা বিবেচনায় তাৎক্ষণিকভাবে ক্ষতিগ্রস্থদের মাঝে অনুদান সহায়তা প্রদান করবে।

০৩। প্রদত্ত অনুদান নিম্নবর্ণিত শর্ত মোতাবেক বিতরণ করার জন্য অনুরোধ করা হলো :-

- (ক) COVID-19 প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত বিপন্ন/প্রবীণ/অক্ষম/অসহায়/দুঃস্থ পরিবারবর্গকে অগ্রাধিকার প্রদান ;
- (খ) একই পরিবারভুক্ত ব্যক্তি/উপকারভোগীর নামে একাধিকবার অর্থ বরাদ্দ না দেয়া;
- (গ) সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার পরিচালিত কর্মসূচির সাথে দ্বৈততা পরিহার করে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সদস্য, জেলা সমাজকল্যাণ কমিটির সদস্যবৃন্দ, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজের প্রতিনিধি এবং অনুদান গ্রহীতা পরিবারে উপস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সংক্ষিপ্ত ও অনাড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে অনুদান বিতরণের ব্যবস্থা গ্রহণ ;
- (ঘ) অনুদান বিতরণ অনুষ্ঠানের তারিখ ও সময়সূচি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদকে পূর্বেই অবহিত করা ;
- (ঙ) প্রতি তিনমাসে এখাতে বরাদ্দ ও ব্যয়িত অর্থের ব্যয় বিবরণী বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ;
- (চ) মঞ্জুরীকৃত অর্থের প্রাপ্তিস্বীকারপত্র প্রেরণ।

০৪। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নামে ব্যানার সহজিত বিতরণ অনুষ্ঠানের এককপি 3R সাইজের রজিন ছবি এবং অনুদান বিতরণের মাস্টাররোল (জনপ্রতি ১০/-টাকার রেডিনিউ স্ট্যাম্পসহ) দ্রুত পরিষদ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক ও সভাপতি
জেলা সমাজকল্যাণ কমিটি,
.....জেলা।


৩০.০১.২০২১
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব (যুগ্মসচিব)
ফোনঃ-০২-২২২২২৮১২৫
e-mail:bnswwcd@gmail.com

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।
- ৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,.....
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০(সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সদস্য সচিব, জেলা সমাজকল্যাণ কমিটি.....জেলা।
(বরাদ্দপত্রে বর্ণিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।